# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 11-01-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) জলবায়ু পরিবর্তন ও প্রকৃতি রক্ষা বিষয়ে মানুষকে সচেতন করতে ভার্চুয়াল মিউজিয়াম গড়ে তোলার কথা কলকাতার এক অনুষ্ঠানে জানিয়েছেন কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখওয়াত।

২) মেদিনীপুর মেডিকেল কলেজে প্রসূতি মৃত্যুর ঘটনা খতিয়ে দেখতে ১৩ সদস্যের একটি কমিটি আজ হাসপাতাল পরিদর্শন করেছে।

৩) ওই ঘটনাকে কেন্দ্র করে রাজ্যজুড়ে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

৪) মকর সংক্রান্তির মাহেন্দ্রক্ষণের আগেই ভীড়ে জমজমাট গঙ্গাসাগর। আগামী ২ দিন ঠান্ডার দাপট থাকবে বলে আবহাওয়া দফতরের পূর্বাভাষ।

৫) গুয়াহাটিতে আই এস এল ফুটবলে মুখোমুখি চির প্রতিদ্বন্দ্বী মোহনবাগান সুপারজায়েন্ট ও ইস্টবেঙ্গল।

oooooooooooooooooooooo

কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রী গজেন্দ্র সিং শেখওয়াত, জলবায়ু পরিবর্তন ও প্রকৃতিকে রক্ষার বিষয়ে মানুষকে সচেতন করতে ভার্চুয়াল মিউজিয়াম গড়ে তোলার কথা বলেছেন। কলকাতায় সায়েন্স সিটিতে আজ 'অন দ্যা এজ অ্যাট ক্লাইমেট চেঞ্জ' শীর্ষক একটি অত্যাধুনিক গ্যালারি উদ্বোধন করে ন্যাশনাল কাউন্সিল অফ সায়েন্স মিউজিয়াম কর্তৃপক্ষকে তিনি এই নির্দেশ দেন।

( বাইট – শেখাওয়াত)

কেন্দ্রীয় মন্ত্রী, এই ধরনের উদ্যোগ নেওয়ার জন্য সায়েন্স মিউজিয়াম কর্তৃপক্ষের প্রশংসা করে বলেন, পৃথিবী আজ বড় চ্যালেঞ্জের সামনে দাঁড়িয়ে রয়েছে। পৃথিবীকে রক্ষার দায়িত্ব শুধুমাত্র সরকার বা বিজ্ঞানীদের নয়। প্রত্যেককে নিজেকে এই কাজের জন্য সংকল্প গ্রহণ করতে হবে। প্রধানমন্ত্রীর **'এক পের মাকে নাম'** কর্মসূচির উল্লেখ করে তিনি বলেন,প্রকৃতিকে রক্ষার জন্য এটি একটি মহৎ উদ্যোগ। গত ১০বছরে কেন্দ্রীয় সরকার সারাদেশে প্রায় ৮০ কোটি বৃক্ষরোপণ করেছে। ন্যাশনাল কাউন্সিল অফ সায়েন্স মিউজিয়ামের মহা নির্দেশক অরিজিৎ দত্ত চৌধুরী,সায়েন্স সিটির মহা নির্দেশক অনুরাগ কুমার এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

oooooooooooooooooooooo

মেদিনীপুর মেডিকেল কলেজে প্রসূতি মৃত্যুর ঘটনাকে কেন্দ্র করে আজ ১৩ সদস্যের এক তদন্ত কমিটি হাসপাতাল পরিদর্শন করেন। ওই তদন্ত কমিটি পরে জেলাশাসক, জেলা স্বাস্থ্য আধিকারিক সহ হাসপাতাল কর্তৃপক্ষের সঙ্গে একটি বৈঠক করে। ওই কমিটিতে বিশিষ্ট চিকিৎসকদের পাশাপাশি ও স্বাস্থ্য কর্তারাও আছেন।

যে স্যালাইন প্রয়োগের ফলে শুক্রবার মামনি রুইদাস নামে প্রসূতির মৃত্যু হয়েছিল, বলে অভিযোগ, তার নমুনা পরীক্ষার জন্য ড্রাগকন্ট্রোলে পাঠানো হয়েছে।

ঘটনার তদন্তে মেদিনীপুর মেডিকেল কলেজও একটি মাল্টি ডিসিপ্লিনারী কমিটি গঠন করেছে।

উল্লেখ্য, গত নভেম্বর মাসে স্যালাইন উৎপাদক ওই সংস্থাটিকে কর্ণাটক সরকার কালো তালিকাভুক্ত করেছিল। এরপর গত ১০-ই ডিসেম্বর ওই সংস্থার স্যালাইনের উৎপাদন ও সরবরাহ বন্ধের নির্দেশ দিয়েছিল রাজ্যের ড্রাগকন্ট্রোল।

পশ্চিমবঙ্গ ফার্মাসিউটিক্যালস্ নামের ওই ওষুধ প্রস্তুতকারী সংস্থার ওষুধের ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা জারি করার পরেও রাজ্যের বেশকিছু জেলায় সরকারী হাসপাতালে ওই ওষুধ সংস্থার স্যালাইন ব্যবহার করা হয়েছে বলে জানা গেছে।

oooooooooooooooooooooo

মেদিনীপুর মেডিকেল কলেজে নিম্নমানের স্যালাইনের জেরে প্রসূতি মৃত্যুকে কেন্দ্র করে রাজ্যের হাসপাতালগুলিতে কড়া নির্দেশ পাঠালো স্বাস্থ্য দফতর । ওই নির্দেশে বলা হয়েছে, নির্দিষ্ট একটি সংস্থার তৈরি স্যালাইন ব্যবহারের ওপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। ওই সংস্থার তৈরি স্যালাইন সরকারী গবেষণাগারে পরীক্ষা করা হচ্ছে। যতক্ষণ না সেই পরীক্ষার রিপোর্ট সামনে আসছে, ততক্ষণ ওই সংস্থাটির তৈরি স্যালাইন প্রেসক্রিপশন লেখা যাবে না। স্বাস্থ্য দফতরের এই নির্দেশ পাওয়ার পর আর জি কর মেডিকেল কলেজ থেকে একটি নির্দেশিকা জারি করে ১০ ধরনের স্যালাইনকে নিষিদ্ধ করা হয়েছে।

oooooooooooooooooooooo

দুর্নীতি, স্বজনপোষণ ও অর্থের লোভে মানুষের স্বাস্থ্যকে বিক্রি করে দেওয়ার একটা চক্র রাজ্যের স্বাস্থ্য ব্যবস্থায় কাজ করছে বলে বিজেপি রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার অভিযোগ করেছেন। আজ বিকেলে দিল্লি থেকে ফিরে দমদম বিমানবন্দরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুকান্ত বাবু এই অভিযোগ করে বলেন, এতে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর ভাবমূর্তিই ক্ষুন্ন হচ্ছে ।

( বাইট)

আরজি কর কান্ড নিয়ে মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে মুখ খুলেছিলেন বলে দলের প্রাক্তন রাজ্য সভার সাংসদ শান্তনু সেনকে তৃনমূল সাসপেন্ড করেছে বলে সুকান্ত বাবু বলেন।

oooooooooooooooooooooo

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে ব্যবহৃত স্যালাইন নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে রাজ্যের নারী ও শিশু বিকাশ এবং সমাজ কল্যাণ দফতরের মন্ত্রী শশী পাঁজা বলেন ,এ বিষয় নিয়ে স্বাস্থ্য দপ্তর পদক্ষেপ নিয়েছে। অসাধু কারবার বন্ধ করার জন্য রাজ্যের স্বাস্থ্য দফতর বরাবরের মতো এবারও যথাযথ পদক্ষেপ করছে।

(বাইট – শশী)

oooooooooooooooooooooooo

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে গতকালের প্রসূতি মৃত্যুর ঘটনার প্রতিবাদে আজ জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে এবং ডি ওয়াই এফ আই ও এসএফআই-এর পক্ষ থেকে আলাদা আলাদাভাবে প্রতিবাদ মিছিল ও বিক্ষোভ প্রদর্শন করা হয়। তবে মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালের গেটের কাছে পুলিশ কংগ্রেসের মিছিল কে আটকে দেয়। জাতীয় কংগ্রেসের পক্ষ থেকে মেদিনীপুর মেডিকেল কলেজে অধ্যক্ষের কাছে ডেপুটেশন দেওয়া হয়।

আজ বিকেলে বিজেপির পক্ষ থেকেও হাসপাতালের প্রবেশ পথে বিক্ষোভ প্রদর্শন করা হয়।

এদিকে, মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে এম এস ভি পি-র সঙ্গে কথা বলার জন্য সাক্ষাৎ করতে চেয়ে ব্যর্থ হওয়ায় প্রতিবাদে ওই মেডিকেল কলেজের সামনের রাস্তা অবরোধ করে বিক্ষোভ দেখান DYFI ও SFI কর্মী সমর্থকরা। পরে পুলিশের হস্তক্ষেপে সন্ধে নাগাদ অবরোধ উঠে যায়।

oooooooooooooooooooooo

**মকর সংক্রান্তির মাহেন্দ্রক্ষণের আগেই মানুষের ভীড়ে জমজমাট বাংলার অন্যতম পুন্যতীর্থ গঙ্গাসাগর**। তাপমাত্রার পারদ নিম্নমুখী। উত্তুরে হাওয়ায় জুবুথুবু সাগরে আসা পুণ্যার্থী থেকে সাধু-সন্তরা। আগামী দুদিন ঠান্ডার দাপট থাকবে বলে হাওয়া অফিসের পূর্বাভাস। আজ সকালে ইসকনের উদ্যোগে হরিনাম সংকীর্তন সহ মেলায় শোভাযাত্রা করেন সন্ন্যাসী ও ভক্তরা। গঙ্গাসাগর থেকে আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – গৌতম)

এবার মেলায় বিদেশ থেকে প্রচুর ইসকনভক্ত মেলায় এসেছেন। আগামী দুদিন এই বিদেশী ভক্তরা মেলায় থাকবেন। আজ থেকে শুরু হয়ে গেছে সাগর প্রবচন ও সাগর আরতী। আগামী ১৫ তারিখ পর্যন্ত সাগর প্রবচন ও সাগর আরতী চলবে। মেলা শুরু থেকেই প্রতিদিন ভিড় বাড়ছে। এবার প্রয়াগরাজে মহাকুম্ভ থাকায় ভিন রাজ্যের অনেক পুণ্যার্থী সাগরস্নান সেরে মহাকুম্ভে রওনা দিচ্ছে। এবার মেলায় সাগরমেলা, কচুবেড়িয়া ও কাকদ্বীপের লট নং আটে রাজ্য সরকারের ১২ জন মন্ত্রী উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooooo

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আগামীকাল স্বামী বিবেকানন্দের ১৬৩ তম জন্মবার্ষিকী উদযাপিত হবে। স্বামীজীর জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে উত্তর কলকাতায় স্বামীজীর জন্ম ভিটেতে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সকালে স্বামীজীর প্রতিকৃতি সহ বর্ণাঢ্য শোভাযাত্রা, বিবেকানন্দ বন্দনা, ভজন, ভক্তিমূলক গান ,স্বামীজীর জীবন ও বানী আলোচনা প্রভৃতি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। স্বামীজীর জন্মবার্ষিকী উপলক্ষে ভক্ত ও অসাধারণ মানুষ আগামীকাল সকাল থেকেই স্বামীজীর পৈত্রিক ভিটেতে এসে স্বামীজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। স্বামীজীর জন্মবার্ষিকী

উপলক্ষে বেলুড় মঠেও নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। সেখানেও ভক্ত ও সাধারণ মানুষ বেলুড় মঠে এসে স্বামীজীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এক গ্রাহকের অভিযোগের ভিত্তিতে পার্কস্ট্রীট থানার পুলিশ আজ মৌমিতা সি নামে রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কের এক লকার ইনচার্জ ও তার ভাইকে গ্রেফতার করেছে। তাদের আজ ব্যাঙ্কশাল আদালতে পেশ করা হলে ২২ তারিখ পর্যন্ত পুলিশ হেফাজতের নির্দেশ দেওয়া হয়। ওই গ্রাহক অভিযোগ করেন, অভিযুক্তরা তাঁর লকার থেকে ১ কোটি ২৫ লক্ষ টাকার সোনা ও হীরের গহনা চুরি করেছে। পুলিশ তদন্তে নেমে তাদের কসবা ও লেকটাউনের বাড়িতে তল্লাশি চালিয়ে প্রচুর টাকা ও গহনা উদ্ধার করে।

০০০০০০০০০০০০০০০০০০০

বে-আইনীভাবে ভারত থেকে যাওয়া পাঁচ বাংলাদেশী নাগরিককে গ্রেপ্তার করেছে, উত্তর ২৪ পরগনার বনগাঁ থানার পুলিশ। তারা একই পরিবারের সদস্য বলে খবর। উদ্ধার করা হয়েছে জাল ভারতীয় পরিচয়পত্র। ধৃতদের নাম নান্নু মৃধা, পুন্নি মৃধা, রিয়া মৃধা, আসমা ও আলিজা কুরেশি। তারা দীর্ঘদিন ধরেই দিল্লীতে বসবাস করত। বাংলাদেশে ফিরে যাওয়ার সময় বনগাঁর রামচন্দ্রপুর থেকে তাদের গ্রেপ্তার করে পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের মঙ্গলকোট গ্রামে কুনুর নদীর ধার থেকে দুই ড্রাম ভর্তি বোমা উদ্ধারের ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়ায়। নির্দিষ্ট খবরের ভিত্তিতে গতরাতে অভিযান চালিয়ে পুলিশ দুটি ড্রাম থেকে ২৯ টি বোমা উদ্ধার করে। সিআইডির বোম স্কোয়াড আজ সেই বোমা গুলি নিষ্ক্রিয় করে। ঘটনার তদন্ত শুরু করেছে মঙ্গলকোট থানার পুলিশ।

০০০০০০০০০০০০০০০০০০০০

মালদার ভারত বাংলাদেশ সীমান্তে নাওয়া এলাকায় গতকাল গভীর রাতে একদল বাংলাদেশি চোরাচালানকারী কাঁটাতারের বেড়া পেরিয়ে জোর করে ভারতে ঢোকার চেষ্টা করলে বিএসএফের জওয়ানরা তাদের বাধা দেয়। পাচারকারীরা জওয়ানদের চোখে হাই বীম টর্চের আলো ফেলে লাঠি ,ও অস্ত্র হাতে আক্রমন করে। বিএসএফের জওয়ানরা শূন্যে গুলি চালালে তারা পালিয়ে যায়। বিএসএফ ৫৭২ টি নিষিদ্ধ মাদক ফেনসিডিল উদ্ধার করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

গুয়াহাটির ইন্দিরা গান্ধী এথলেটিক স্টেডিয়ামে আজ সন্ধ্যায় আইএসএলের ফিরতি কলকাতা ডার্বিতে মোহনবাগান সুপার জায়ান্ট, ইস্টবেঙ্গলের মুখোমুখি হয়েছে। শেষ পাওয়া খবরে , মোহনবাগান ১-০ গোলে এগিয়ে আছে। গোল করেছেন ম্যাক লারেন।

১৪ ম্যাচে ৩২ পয়েন্ট নিয়ে মোহনবাগান লিগতালিকার শীর্ষে রয়েছে। সমসংখ্যক ম্যাচ খেলে ১৪ পয়েন্ট পেয়ে ইস্টবেঙ্গল একাদশ স্থানে আছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

ব্যাঙ্গালুরুর কান্তিরাভা স্টেডিয়ামে আজ বিকেলে আইএসএল ফুটবলের ম্যাচে মহামেডান স্পোর্টিং ১-০ গোলে ব্যাঙ্গালুরু এফসিকে হারিয়ে দিয়েছে। ম্যাচের ৮৮ মিনিটে মহামেডানের হয়ে জয়সূচক গোলটি করেন মিরজালোল কোসিমভ। আইএসএলে দ্বিতীয় জয় পেলো মহামেডান। ১৫ ম্যাচে ১০ পয়েন্ট সংগ্রহ করে মহামেডান স্পোর্টিং লিগটেবিলে দ্বাদশ স্থানে উঠে এসেছে। সমসংখ্যক ম্যাচে ২৭ পয়েন্ট নিয়ে ব্যাঙ্গালুরু দ্বিতীয় স্থানে রয়েছে।

oooooooooooooooooo

বাংলার অঙ্কুর ভট্টাচার্য উত্তরাখণ্ড টেবিল টেনিস চ্যাম্পিয়নশিপে ত্রিমুকুট জয় করেছেন। ভদোদরায় আজ অনুর্ধ **১৯** বালকদের সিঙ্গলসের ফাইনালে অঙ্কুর তামিলনাড়ুর পি ভি অভিনন্দকে **১১**-৪, ৮-**১১**, **১৩-১১**, **১১**-৭, **১১**-৭ এ হারিয়ে দেন। ডাবলসে অঙ্কুর ও শঙ্খদীপ দাস বাংলারই পুনিত বিশ্বাস ও ঐশিক ঘোষকে **১২-১০**, ৮-**১১**, **১১**-৪, **১১**-৪ এ পরাজিত করেছে। দলগত বিভাগেও অঙ্কুর সোনাজয়ী বাংলা দলে অন্যতম সদস্য ছিলো

oooooooooooooooooo